

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
ইইএফ ইউনিট

ইইএফ সার্কুলার নং-২৩

তারিখঃ ২৫/০৯/২০০৬ইং

সকল তফসিলী ব্যাংক

ও

সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়গণ,

**একুইটি এন্ড অন্যান্য প্রাপ্যারশীপ ফান্ড-প্রকল্পের
দলিলায়ন আইনজ্ঞ দ্বারা vetting প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ে ইইএফ সার্কুলার নং-৬ তারিখ-২৪/০৬/২০০২ এবং পরবর্তীতে ইস্যুকৃত অন্যান্য ইইএফ সার্কুলারের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত ৬ নং সার্কুলারের ০৬.১ নং অনুচ্ছেদ মোতাবেক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান তাদের আইন পরামর্শকের পরামর্শ অনুযায়ী প্রয়োজনীয় দলিলাদি সম্পাদন করবে।

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো কর্তৃক যে সকল প্রকল্পের অনুকূলে ইতিমধ্যে ইইএফ এর অর্থ ছাড় করা হয়েছে সে সকল প্রকল্পের দলিলাদি যেমন-(ক) জমির দলিল, (খ) ডিসিআর, (গ) নামজারী পর্চা, (ঘ) খাজনা প্রদানের রশিদ, (ঙ) উদ্যোক্তা ও সরকারের নামে ইস্যুকৃত শেয়ার সার্টিফিকেট, (চ) রিটার্ন অব এ্যালটমেন্ট, (ছ) ইনভেস্টমেন্ট এগ্রিমেন্ট, (জ) মেমোরেডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন এবং প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য সকল ডকুমেন্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের স্ব স্ব আইনজ্ঞ দ্বারা vetting করিয়ে বাংলাদেশ ব্যাংক, ইইএফ ইউনিট বরাবরে আগামী ৩০ নভেম্বর, ২০০৬ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

এই নির্দেশ অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে।

আপনাদের বিশ্বস্ত,

(এ, টি, এম, ফজলে রব)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৯১৬৩৬৫০